

নতুনরূপে ড্যানিসিডাক

বিনোদন রিপোর্ট : চলচ্চিত্রের হি-ম্যান নায়ক হিসেবে পরিচিত ড্যানিসিডাক নতুনভাবে আসছেন। আগামী ২৯ মার্চ 'বিজলী তুফান' ছবিতে তিনি নতুনরূপে দর্শকের সামনে হাজির হচ্ছেন। ছবিটি পরিচালনা করেছেন দেলোয়ার জাহান বান্টু। এ ছবিতে সম্পূর্ণ ভিন্নভাবে নিজেকে উপস্থাপন করেছেন বলে তিনি জানান। ড্যানিসিডাক বেশ কয়েক বছর যাবত চলচ্চিত্রে অনিয়মিত হয়ে পড়েন। এর কারণ বলতে গিয়ে তিনি বলেন, আমার অনিয়মিত হয়ে পড়ার কারণ মূলত অশ্লীলতা। আমি সবসময়ই অশ্লীল ও কাটপিস সমৃদ্ধ ছবির বিরুদ্ধে প্রতিবাদ করে আসছি। যারা এ ধরনের ছবি তৈরী করেন তাদের বিরোধিতা করেছি। তারা ছবির অফার দিলেও ফিরিয়ে দিয়েছি। কারণ সমাজে আমার একটা অবস্থান আছে। আমাকে জবাবদিহি করতে হয়। মূলত আমার ইমেজ ধরে রাখার জন্যই অশ্লীল ও কাটপিসযুক্ত ছবি সবসময় বর্জন করে চলেছি। এজন্য চলচ্চিত্রে সাময়িকভাবে অনিয়মিত হয়ে পড়ি। এখন সুস্থ ধারা ফিরে এসেছে। তাই পুরোদমে কাজ করছি। আমার হাতে এখন ১০ থেকে ১২টি ছবি। দর্শক আবার আমাকে নিয়মিত দেখতে পাবেন।

ওয়ার্ক পারমিট ছাড়াই ভারতীয় নায়িকাদের স্থানীয় ছবিতে শূটিং

বিনোদন রিপোর্ট : ইদানীং বেশ কয়েকজন ভারতীয় নায়িকা তথ্য মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া স্থানীয় ছবিতে অভিনয় করছেন। জানা গেছে, কলিকাতাসহ ভারতের বিভিন্ন স্থান থেকে এসব নায়িকা ভিজিট ভিসা নিয়ে এদেশে আসেন। এরপর তারা এদেশের ছবিতে অভিনয় করে ২/৩ লাখ টাকা পারিশ্রমিক নিচ্ছেন। এতে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। বিদেশী শিল্পীদের এদেশে অভিনয়ের একটি নীতিমালা রয়েছে। কোন কোন নির্মাতা এসব নিয়ম-কানুন মানছেন না। ভারতীয় নায়িকাদের এহেন আগমনে আমাদের দেশের নায়িকাদের চাহিদাও অনেক ক্ষেত্রে কমে যাচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, রাজস্ব বিভাগ, ইমিগ্রেশন, দূতাবাসগুলোর এখন থেকেই সতর্ক হওয়া উচিত বলে অভিজ্ঞজনরা মনে করছেন।

সময় পেলে মুরগীর কোরমা রাখেন আঁখি

বিনোদন রিপোর্ট : সময় পেলেই আঁখি মুরগীর কোরমা রান্না করেন। এটি তার সবচেয়ে পছন্দের ডিস। তবে একা খাওয়া পছন্দ নয় তার। প্রিয় মানুষদের আমন্ত্রণ জানিয়ে আয়োজন করে মাঝে মধ্যেই মুরগীর কোরমা রাখেন আঁখি। সর্বশেষ গেল ঈদে তিনি তার প্রিয় এই ডিসটি রান্না করেছিলেন। সেদিন তিনি পরিবারের সদস্য এবং আত্মীয়-স্বজনদের নিয়ে তার রান্না করা মুরগীর কোরমা খান।

এপ্রিলে আমেরিকা যাচ্ছেন রিজিয়া-মমতাজ

বিনোদন রিপোর্ট : একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিতে আমেরিকা যাচ্ছেন কণ্ঠশিল্পী রিজিয়া পারভীন এবং মমতাজ। ৩ এপ্রিল ঢাকা ত্যাগ করার কথা রয়েছে তাদের। শিল্পী সূত্র জানায়, আমেরিকাস্থ বাংলাদেশী একটি সংগঠন তাদের নিয়ে এই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে যাচ্ছে। ইতোমধ্যেই অনুষ্ঠানে অংশ নেয়ার বিষয়টি সম্পন্ন হয়েছে।